

# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৬ বর্ষ ৯ম সংখ্যা

ওয়েবসাইট : <http://www.du.ac.bd> (DU Barta)

৩১ ভাদ্র ১৪২৯, ১৫ সেপ্টেম্বর ২০২২

## জাতীয় শোক দিবস পালিত

### অসাম্প্রদায়িক, মানবিক ও সমৃদ্ধ দেশ গড়তে বঙ্গবন্ধু চর্চা বাড়াতে হবে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন-দর্শন নতুন প্রজন্ম ও যুবসমাজের কাছে পৌঁছে দিতে 'বঙ্গবন্ধু চর্চা' বাড়ানোর উপর গুরুত্বারোপ করে বলেছেন, তাহলেই অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন এক সমৃদ্ধ বাংলাদেশ গড়া সম্ভব হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৫ আগস্ট ২০২২ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলোচনা সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর

এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সম্বলন করেন। সভার প্রারম্ভে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ইতিহাসের এক ঘৃণ্য দিন। এদিনেই ঘাতকের নির্মম বুলেটে বঙ্গবন্ধুকে সপরিবারে শাহাদত বরণ করতে হয়। তাঁকে হত্যার মাধ্যমে জাতির ইতিহাসকে উল্টোপাথে

## উপাচার্যের নেতৃত্বে শিক্ষকবৃন্দের বঙ্গবন্ধুর সমাধিতে বিনম্র শ্রদ্ধা নিবেদন



জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গত ২০ আগস্ট ২০২২ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদনের জন্য টুঙ্গীপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন। তারা বঙ্গবন্ধুসহ শোকাবহ

১৫ই আগস্টে নিহত তাঁর পরিবারের সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করেন। এসময় অন্যান্যের মধ্যে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপস্থিত ছিলেন। পরে তাঁরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।



(শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজসহ অফিসার্স

নেয়ার অপচেষ্টা চালানো হয়। জাতির পিতার বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের নানান দিক তুলে ধরে উপাচার্য বলেন, বঙ্গবন্ধু শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছিলেন। শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দিয়ে তিনি দেশের সামগ্রিক উন্নয়ন ঘটাতে চেয়েছিলেন। বঙ্গবন্ধুর এই শিক্ষা-দর্শনের হুবহু বাস্তবায়নের উপর উপাচার্য গুরুত্বারোপ করেন। বঙ্গবন্ধুর স্বপ্নের সফল বাস্তবায়ন এবং তাঁর অসমাপ্ত কাজ সম্পন্ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদতবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি পালন করে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'কালো দিবস' পালিত

### ইতিহাস থেকে শিক্ষা নিয়ে অমানবিক, অগণতান্ত্রিক, উগ্র ও সাম্প্রদায়িক তৎপরতার বিরুদ্ধে সোচ্চার হতে হবে - উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ইতিহাস থেকে শিক্ষা নিয়ে অমানবিক, অগণতান্ত্রিক, উগ্র ও সাম্প্রদায়িক তৎপরতার বিরুদ্ধে সর্বদা সোচ্চার থাকার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছেন। কালো দিবস উপলক্ষে গত ২৩ আগস্ট ২০২২ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভাটুর্যাল ক্লাসরুমে আয়োজিত এক ভার্চুয়াল আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, কারা নির্ধারিত অধ্যাপক ড. নিম চন্দ্র ভৌমিকসহ অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সম্বলন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২০০৭ সালের ২০-২৩ আগস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনা এবং তৎকালীন শাসকগোষ্ঠীর ষড়যন্ত্রের চিত্র তুলে ধরে বলেন, একটি জাতীয় প্রতিষ্ঠানের গণবিচ্ছিন্ন কিছু মানুষ অগণতান্ত্রিক পন্থায় সেদিন ক্ষমতাকে দীর্ঘায়িত করতে চেয়েছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, কর্মকর্তা, কর্মচারী এবং সাধারণ মানুষের সম্মিলিত প্রতিবাদের মুখে ক্ষমতালিন্সু সেই অপশক্তি পিছু হটতে বাধ্য হয়েছিল এবং দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা লাভ করেছিল। তিনি বলেন, জাতির সকল ত্রাসিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদা ঐতিহাসিক দায়িত্ব পালন করেছে। যে কোন অপশক্তি ও অপতৎপরতা প্রতিহত করতে ভবিষ্যতেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা কার্যকর ভূমিকা পালন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। যে কোন পরিস্থিতিতে জাতীয় প্রতিষ্ঠানের গুরুত্ব ও মর্যাদা অক্ষুণ্ণ রাখার উপর উপাচার্য গুরুত্বারোপ করেন।

## সৈয়দা সাজেদা চৌধুরীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ



জাতীয় সংসদের উপনেতা, বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মওলীর সদস্য, বর্ষীয়ান রাজনীতিবিদ সৈয়দা সাজেদা চৌধুরীর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১২ সেপ্টেম্বর ২০২২ এক শোকবাণীতে উপাচার্য বলেন, প্রথিতযশা এই রাজনীতিবিদ দেশে গণতান্ত্রিক আন্দোলনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্নেহভর্য হয়ে বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে ভূমিকা রাখার বিরল সুযোগ লাভ করেছিলেন। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুর শাহাদত বরণের পর স্বাধীনতার পক্ষের শক্তি বিশেষ করে বাংলাদেশ আওয়ামী লীগ যখন বিপর্যস্ত অবস্থায় পড়েছিল, সেই কঠিন সময়ে তিনি আওয়ামী লীগকে নেতৃত্ব দিয়েছিলেন। বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, জাতীয় সংসদের উপনেতাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে তিনি অত্যন্ত সততা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন বর্ষীয়ান এই রাজনীতিবিদ আজীবন দেশ ও জাতির জন্য বিশেষ করে সাধারণ মানুষের কল্যাণে কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে দেশ ও জাতি (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবির ৫৩তম সমাবর্তন আগামী ১৯ নভেম্বর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তন আগামী ১৯ নভেম্বর ২০২২ শনিবার অনুষ্ঠিত হবে। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন নোবেল বিজয়ী ফরাসী অর্থনীতিবিদ অধ্যাপক ড. জঁ তিরোল। গত ০৭ সেপ্টেম্বর ২০২২ বুধবার ভার্চুয়ালি অনুষ্ঠিত সিন্ডিকেটের এক জরুরি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। গত ৬ সেপ্টেম্বর ২০২২ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের এক বিশেষ সভার সুপারিশের আলোকে সিন্ডিকেটের এই সভায় উপরোক্ত সিদ্ধান্ত নেয়া হয়। সভায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ সিন্ডিকেট সদস্যবৃন্দ সংযুক্ত ছিলেন।

## ঢাবির ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের ভর্তি পরীক্ষার কৌশল অনুমোদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীরা কোন ইউনিটের মাধ্যমে অংশগ্রহণ করবে এবং কিভাবে নিজ নিজ শাখা/বিভাগ পরিবর্তন করবে তার কৌশল অনুমোদন করা হয়েছে। গত ৩০ আগস্ট ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত ডিনস্ কমিটির এক সভায় এই

কৌশল অনুমোদন দেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিভিন্ন অনুষদের ডিন উপস্থিত ছিলেন। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে উচ্চ (২য় পৃষ্ঠায় দেখুন)



## ‘ব্রেইল থেকে বাংলা টেক্সট’-এ রূপান্তর সফটওয়্যার উদ্বোধন



দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভাবিত ‘ব্রেইল থেকে বাংলা টেক্সট’-এ রূপান্তর করার একটি প্রোটোটাইপ সফটওয়্যার উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে গত ৩১ আগস্ট ২০২২ প্রফেসর আব্দুল মতিন চৌধুরী ভার্যুয়াল ক্লাসরুমে সফটওয়্যারটি উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. মুহাম্মদ শোয়াইব-এর নেতৃত্বে একদল গবেষক এই সফটওয়্যার উদ্ভাবন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, বিভিন্ন অনুষদের ডিন, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষকবৃন্দ, দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ড. আহমেদুল কবীর খ্রিস্ট ও ইলেকট্রনিক

মিডিয়াসহ অতিথিদের সামনে সফটওয়্যারটির ব্যবহার সম্পর্কিত বিস্তারিত তথ্য তুলে ধরেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সফটওয়্যার উদ্ভাবনের জন্য গবেষকদের অভিনন্দন জানিয়ে বলেন, এই সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীরা তাদের প্রতিভার বিকাশ ও সৃষ্টিশীল কর্মকাণ্ড সকলের কাছে পৌঁছাতে পারবে। গবেষণা ও উদ্ভাবন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি চলমান প্রক্রিয়া এবং এই প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে এই সফটওয়্যার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, অন্য ভাষায় ‘ব্রেইল থেকে টেক্সট’-এ রূপান্তরের সফটওয়্যার থাকলেও বাংলা টেক্সট-এ রূপান্তরের এটিই প্রথম সফটওয়্যার।

## অসাম্প্রদায়িক, মানবিক ও সমৃদ্ধ দেশ গড়তে বঙ্গবন্ধু চর্চা বাড়াতে হবে- উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণ ধানমণ্ডিছু বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্রে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিদর্শন করেন। এছাড়া, উপাচার্য ছাত্র-শিক্ষক কেন্দ্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত ‘মহাকালের খেঁরো খাতায় বঙ্গবন্ধু’ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। বাদ যোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়াসহ প্রত্যেক হল ও আবাসিক এলাকার মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল এবং বিশ্ববিদ্যালয় এলাকার অন্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

## ঢাবি’র ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের ভর্তি পরীক্ষার কৌশল অনুমোদন

(১ম পৃষ্ঠার পর) মাধ্যমিক পর্যায়ে মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য ‘কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট’, বিজ্ঞান, কৃষিবিজ্ঞান ও সমগোত্রীয় শাখার শিক্ষার্থীদের জন্য ‘বিজ্ঞান ইউনিট’, ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য ‘ব্যবসায় শিক্ষা ইউনিট’ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে যে কোন শাখার শিক্ষার্থীদের জন্য ‘চারুকলা ইউনিট’-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

শাখা বা বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীরা কলা অনুষদ, আইন অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিষয় সমূহ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য ‘কলা, আইন ও সামাজিক বিজ্ঞান’ ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। মানবিক শাখার শিক্ষার্থীরা বিজ্ঞান অনুষদভুক্ত গণিত ও পরিসংখ্যান বিষয়ে ভর্তির জন্য ‘বিজ্ঞান ইউনিট’-এর ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি, তথ্যপ্রযুক্তি এবং গণিত/পরিসংখ্যান বিষয়ে ভর্তি পরীক্ষা দিতে পারবে। মানবিক ও বিজ্ঞান শাখার শিক্ষার্থীরা বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিষয়ে ভর্তির জন্য ‘ব্যবসায় শিক্ষা ইউনিট’-এর ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি, তথ্যপ্রযুক্তি এবং অর্থনীতি/গণিত বিষয়ে ভর্তি পরীক্ষা দিতে পারবে।

## মুজিববর্ষ উপলক্ষে ঢাবি শিক্ষার্থীদের জন্য এনআরবিসি ব্যাংকের বাস উপহার

মুজিববর্ষ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের জন্য এনআরবিসি ব্যাংক কর্তৃপক্ষ ১টি এসি বাস উপহার দিয়েছে। গত ১৭ আগস্ট ২০২২ নবাব নওয়াব আলী

অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, এনআরবিসি ব্যাংকের ডিএমডি এড সিএফও হারুনুর রশিদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ছাত্র প্রতিনিধি মো. সাদ্দাম হোসেন বক্তব্য রাখেন।



চৌধুরী সিনেটে ভবনে এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের কাছে বাসের চাবি হস্তান্তর করা হয়। এনআরবিসি ব্যাংকের চেয়ারম্যান এস এম পারভেজ তমাল উপাচার্যের কাছে বাসের এই চাবি হস্তান্তর করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক

রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ছাত্র-ছাত্রীদের কল্যাণে এগিয়ে আসার জন্য এনআরবিসি ব্যাংক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই উপহার শিক্ষার্থীদের জীবনমানের উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে। এধরণের উদ্যোগ ইভাস্টি-একাডেমিয়া সম্পর্ক জোরদার, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগে ‘সুবর্ণ জয়ন্তী বক্তৃতামালা’ শুরু



ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে গত ১ সেপ্টেম্বর ২০২২ বিভাগীয় মিলনায়তনে ‘সুবর্ণ জয়ন্তী বক্তৃতামালা’ শুরু হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই বক্তৃতামালা উদ্বোধন করেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. নূরনবীর সভাপতিত্বে অনুষ্ঠানে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাফিজ মুহাম্মদ হাসান

বাবু বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভাগের প্রাক্তন ছাত্র ড. মোহাম্মদ শফিউল্লাহ, অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহমদ ইসমাইল মুস্তফা, অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. দিলরুবা হক স্মৃতিচারণ করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. এ এম সরওয়ার উদ্দিন চৌধুরী। হামীম গ্রুপের নির্বাহী পরিচালক মো. এনামুল হক উদ্বোধনী দিনে মূল বক্তৃতা প্রদান করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন অধ্যাপক ড. পাপিয়া হক।

## বাংলাদেশের বিবর্তিত গ্রামীণ জীবন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় শতবর্ষ গবেষণা প্রকল্পের অংশ হিসেবে ‘বাংলাদেশের বিবর্তিত গ্রামীণ জীবন: রাজশাহী জেলা প্রসঙ্গ’ শীর্ষক এক সেমিনার গত ২৪ আগস্ট ২০২২ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এই গবেষণা প্রকল্পের প্রধান গবেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আবদুর রহিম

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছির এবং নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক হাসান এ. শাফি প্রবন্ধের উপর আলোচনায় অংশ নেন। এছাড়া, অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুস ছামাদ এবং ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া শুভেচ্ছা বক্তব্য রাখেন। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টের সকল শহিদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি এই গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষকদলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, এই ধরণের গবেষণা অতীত ও বর্তমান প্রজন্মের মধ্যে এক সেতুবন্ধন তৈরি করে। সমাজের পরিবর্তন বা বিবর্তনের ধারা জানা থাকলে কিভাবে সামনের দিকে অগ্রসর হওয়া যায় সে বিষয়ে আমরা জ্ঞান লাভ করতে পারি। এ ধরণের গবেষণা কার্যক্রম আমাদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## সৈয়দা সাজেদা চৌধুরীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

(১ম পৃষ্ঠার পর) একজন প্রকৃত দেশপ্রেমিক ও অভিজ্ঞ রাজনীতিবিদকে হারালো। বিভিন্ন ক্ষেত্রে তাঁর অবদান জাতি চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উল্লেখ্য, সৈয়দা সাজেদা চৌধুরী গত ১১ সেপ্টেম্বর ২০২২ রবিবার মধ্যরাত্রে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর।

## গাজী মাজহারুল আনোয়ার-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

স্বাধীনতা পদক ও একুশে পদকপ্রাপ্ত বরণী গীতিকার ও সুরকার গাজী মাজহারুল আনোয়ার-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো.

আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ৪ সেপ্টেম্বর ২০২২ এক শোকবাণীতে উপাচার্য বলেন, গাজী মাজহারুল আনোয়ার ছিলেন দেশের একজন প্রখ্যাত চলচ্চিত্রকার, গীতিকার, সুরকার ও প্রযোজক। তিনি দেশের সাংস্কৃতিক অঙ্গনকে অনন্য উচ্চতায় নিয়ে যেতে অসামান্য অবদান রেখেছেন। অসংখ্য কালজয়ী গানের গীতিকার ও সুরকার হিসেবে জনপ্রিয় এই সাংস্কৃতিক ব্যক্তিত্ব বাঙালীর হৃদয়ে অমর হয়ে থাকবেন বলে উপাচার্য উল্লেখ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন ও পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, গাজী মাজহারুল আনোয়ার গত ৪ সেপ্টেম্বর ২০২২ রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর।

## অধ্যাপক ড. সোহরাব উদ্দিন সরকারের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের

## ড. আকবর আলী খানের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলী খানের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ৯ সেপ্টেম্বর ২০২২ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ড. আকবর আলী খান ছিলেন একজন বিশিষ্ট অর্থনীতিবিদ ও বুদ্ধিজীবী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রাক্তন এই শিক্ষার্থী বর্ণাঢ্য জীবনের অধিকারী ছিলেন। অত্যন্ত সততা ও দক্ষতার সাথে তিনি প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। বাংলাদেশের ইতিহাস, সমাজ ও অর্থনীতি বিষয়ে যেসকল গ্রন্থ তিনি রচনা করেছেন, তা বিশ্ববিদ্যালয় ও গবেষকদের কাছে মৌলিক ও অকাট্য দলিল হিসেবে বিবেচিত। অসংখ্য গ্রন্থের রচয়িতা ছাড়াও কলামিস্ট হিসেবে তাঁর সুখ্যাতি রয়েছে। মুজিবনগর সরকারের একজন কর্মকর্তা হিসেবে তিনি মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে

## ড. আকবর আলী খানের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলী খানের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ৯ সেপ্টেম্বর ২০২২ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ড. আকবর আলী খান ছিলেন একজন বিশিষ্ট অর্থনীতিবিদ ও বুদ্ধিজীবী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রাক্তন এই শিক্ষার্থী বর্ণাঢ্য জীবনের অধিকারী ছিলেন। অত্যন্ত সততা ও দক্ষতার সাথে তিনি প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। বাংলাদেশের ইতিহাস, সমাজ ও অর্থনীতি বিষয়ে যেসকল গ্রন্থ তিনি রচনা করেছেন, তা বিশ্ববিদ্যালয় ও গবেষকদের কাছে মৌলিক ও অকাট্য দলিল হিসেবে বিবেচিত। অসংখ্য গ্রন্থের রচয়িতা ছাড়াও কলামিস্ট হিসেবে তাঁর সুখ্যাতি রয়েছে। মুজিবনগর সরকারের একজন কর্মকর্তা হিসেবে তিনি মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে

## ড. আকবর আলী খানের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

অংশগ্রহণ করে অসামান্য অবদান রেখেছেন। বহুমাত্রিক ব্যক্তিত্বের অধিকারী এই গুণী মানুষ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখার জন্য দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।



## জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে'র স্মরণে শোকসভা অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগ এবং ঢাকা জাপান দূতাবাসের যৌথ উদ্যোগে জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে'র স্মরণে এক শোকসভা গত ১ সেপ্টেম্বর ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত শোকসভায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি বিশেষ অতিথি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান সম্মানিত অতিথি হিসেবে

বক্তব্য রাখেন। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এই শোকসভা আয়োজনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগ ও জাপান দূতাবাসকে ধন্যবাদ জানিয়ে বলেন, জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে ছিলেন বাংলাদেশের অকৃত্রিম বন্ধু। জাপান তথা বিশ্ববাসীর প্রিয় এই নেতা আততায়ীর হাতে নিহত হওয়ায় বাংলাদেশের জনগণ মর্মান্বিত হয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তাঁর একাধিকবার সাক্ষাৎ ও পারস্পরিক রাষ্ট্রীয় সফরের মাধ্যমে দু'দেশের সম্পর্ক এক নতুন উচ্চতায় পৌঁছেছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিনজো আবে'র

স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি শুধু জাপানের জনপ্রিয় নেতাই নন বরং বিশ্বসম্প্রদায়ের কাছে এক নির্ভরশীল ব্যক্তিত্ব ছিলেন। ১৯৭৩ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাপান সফরের মাধ্যমে দু'দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সর্বোচ্চ পর্যায়ে উন্নীত হয়। এরই ধারাবাহিকতায় বঙ্গবন্ধু'র সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাপান সফর এবং শিনজো আবে'র বাংলাদেশ সফরের মাধ্যমে দু'দেশের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাপানের সহযোগিতায় চলমান কার্যক্রমগুলোর মাধ্যমে বিশ্ববিদ্যালয় এবং এর শিক্ষার্থীরা উপকৃত হচ্ছে বলে উপাচার্য উল্লেখ করেন। জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে দু'দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কে নতুন মাত্রা যোগ করেছেন। শিনজো আবে'র প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য এই শোকসভা আয়োজন করায় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আব্দুল্লাহ-আল-মামুন বক্তব্য রাখেন।



ঢাকা জাপান দূতাবাসের উপপ্রধান মি. ইগনাসিও সিলেস ফের্নান্দেস-পালাসিয়োস গত ১৪ আগস্ট ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

## পর্তুগালের ক্যামোস ইনস্টিটিউট-এর সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর



ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পর্তুগালের ক্যামোস ইনস্টিটিউট-এর মধ্যে গত ১৬ আগস্ট ২০২২ এক সমঝোতা স্মারক আত্মস্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং ক্যামোস ইনস্টিটিউট-এর প্রেসিডেন্ট মি. জিয়োরিবির্ক ডি এলমিডা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পর্তুগালে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মি. তারিক আহসান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. রেজাউল করিম ফকির বক্তব্য রাখেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে পর্তুগিজ ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে পর্তুগিজ ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য এই সমঝোতা স্মারক স্বাক্ষর করায় পর্তুগালের ক্যামোস ইনস্টিটিউট-এর প্রেসিডেন্ট মি. জিয়োরিবির্ক ডি এলমিডা এবং পর্তুগালে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মি. তারিক আহসানকে আন্তরিক ধন্যবাদ জানান।

## আন্তর্জাতিক রুমি সম্মেলন অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ এবং আল্লামা রুমি সোসাইটি বাংলাদেশ-এর যৌথ উদ্যোগে গত ৩ সেপ্টেম্বর ২০২২ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন হলে ৩-দিনব্যাপী 'আন্তর্জাতিক রুমি সম্মেলন' শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষামন্ত্রী ডা. দীপুমানি, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলনের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আল্লামা রুমি সোসাইটি বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট সৈয়দ রেজাউল করিম, সোসাইটির উপদেষ্টা সৈয়দ মাহমুদুল হক, কলকাতা বিশ্ববিদ্যালয়ের আন্তোশ অধ্যাপক ড.

অমিত দে এবং সম্মেলন আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। অনুষ্ঠান সম্বলন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ও সম্মেলন আয়োজন কমিটির সদস্য-সচিব অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন। প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দীপুমানি বলেন, ফারসি ভাষার কবি জালাল উদ্দিন মুহাম্মদ রুমি ছিলেন মানবতাবাদী দার্শনিক। তিনি তাঁর সকল সৃষ্টিকর্মে প্রেম, আন্তর্ধর্মীয় সম্প্রীতি, ধর্মীয় মূল্যবোধ, মানবসেবা ও আলোকিত সমাজ বিনির্মাণের বার্তা প্রদান করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জগৎবিখ্যাত কবি জালাল উদ্দিন রুমি ও বাংলার রুমি সৈয়দ আহমদুল হকের উপর অধিকতর মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষামন্ত্রী সংশ্লিষ্টদের

প্রতি আহ্বান জানান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জালাল উদ্দিন রুমি ছিলেন প্রেম, সম্প্রীতি ও প্রজ্ঞার কবি। তিনি তাঁর সাহিত্য-কর্মের মাধ্যমে মানবতাবাদী দর্শন প্রচার করেছেন। এই আধ্যাত্মিক কবি, ইসলামী ব্যক্তিত্ব এবং সুফী সাধক তাঁর লেখনীর মাধ্যমে অসাম্প্রদায়িক, মানবিক ও নৈতিক মূল্যবোধ জাহত করতে যে অনন্য অবদান রেখেছেন তা বিশ্ববাসীর কাছে আজও সমাদৃত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি এবং ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের শতবর্ষপূর্তি উপলক্ষে এই সম্মেলন আয়োজন করার জন্য উপাচার্য ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ এবং আল্লামা রুমি সোসাইটিকে আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে আল্লামা রুমি সোসাইটির ভাইস প্রেসিডেন্ট সৈয়দ রেজাউল করিম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে একটি ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য ১০ লাখ টাকার একটি চেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নিকট হস্তান্তর করেন। উল্লেখ্য, ভারত, ইরান, তুরস্কসহ ৭টি দেশের শিক্ষাবিদ ও গবেষকদের নিয়ে ঢাকা ও চট্টগ্রামে আয়োজন করা হয়েছে ৩-দিনব্যাপী এই 'আন্তর্জাতিক রুমি সম্মেলন'। এই সম্মেলনে বিভিন্ন দেশের ২৪ জন গবেষক ৮টি একাডেমিক সেশনে তাদের গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

## ঢাবি এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



বাংলাদেশে ক্রিমিনোলোজি এন্ড ক্রিমিনাল জাস্টিস বিষয়ক শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলোজি বিভাগ এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলোজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগের মধ্যে গত ২৫ আগস্ট এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. ইঞ্জিনিয়ার মো. তৌহিদুল ইসলাম নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কার্যালয়ে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলোজি বিভাগের চেয়ারপার্সন খন্দকার

ফারজানা রহমান, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলোজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. ওমর ফারুক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার উপস্থিত ছিলেন। এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলোজি এন্ড ক্রিমিনাল জাস্টিস বিষয়ে যৌথভাবে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। এই দু'বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা, সম্মেলন ও প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয় শিক্ষক বিনিময় এবং লাইব্রেরি ও ল্যাবরেটরি সুবিধা, শিক্ষা সরঞ্জাম ও তথ্য-উপাত্ত আদান-প্রদান করবে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে মডেল ইউএন কনফারেন্স



ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউএনইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে 'Endorsing Freedom through Consolidating Unified Effort towards Global Consonance' শীর্ষক ৩দিনব্যাপী ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্স গত ৮ সেপ্টেম্বর ২০২২ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কনফারেন্স উদ্বোধন করেন। ঢাকা ইউনিভার্সিটি ন্যাশনাল মডেল ইউএনইটেড নেশন্স-এর মহাসচিব মো.

আশিকুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গিওয়েন লুইস ও ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউএনইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের মডারেটর অধ্যাপক ড. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি এবং এসওএস চিলড্রেনস্ ভিলেজ-এর জাতীয় পরিচালক ড. মো. এনামুল হক সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক সিদ্ধার্থ গোস্বামী প্রবাল অনুষ্ঠানে বক্তৃতা করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধ ও দায়িত্ববোধসম্পন্ন

বিশ্বমানের দক্ষ নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দায়িত্ববোধ ব্যক্তির স্বাধীনতাকে অর্থবহ করে তোলে। তিনি বলেন, পারস্পরিক সহযোগিতা, মত বিনিময়, কূটনৈতিক দক্ষতার বিকাশ ও সৃজনশীল কর্মকাণ্ডের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তুলতে হবে। এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউএনইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের সদস্যদের প্রতি আহ্বান জানান।

## 'শামসুন নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠিত

(৪র্থ পৃষ্ঠার পর) অ্যালামনাই অ্যাসোসিয়েশন ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রদান করা হবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য শামসুন নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃত্বদেবে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, এটি একটি প্রশংসনীয় উদ্যোগ এবং এর ফলে হলের মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীরা অনুপ্রাণিত ও উপকৃত হবে। এসডিজি অর্জনে এই ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।



জাতীয় কবির ৪৬তম মৃত্যুবার্ষিকী পালিত

কবি নজরুলের দর্শন ও চেতনা সব শ্রেণির মানুষকে সর্বদা অনুপ্রাণিত করে—উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অসাধারণ সাহিত্য সত্তার ও সৃষ্টিকর্ম আমাদের অমূল্য সম্পদ। সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সাম্প্রদায়িকতা, অমানবিকতা, অন্যায়, অত্যাচার, নির্যাতন, নিষ্ঠুরতা ও অশুভ শক্তি মোকাবিলায় কবি নজরুলের প্রাসঙ্গিকতা সবসময় রয়েছে। তিনি আমাদের অফুরান প্রেরণার উৎস। তাঁর দর্শন ও চেতনা সব শ্রেণির মানুষকে সর্বদা অনুপ্রাণিত করে। গত ২৭ আগস্ট ২০২২ কবির সমাধি প্রাঙ্গণে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৬তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে অনুষ্ঠিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে উপাচার্য এসব কথা বলেন। উপাচার্য কবি কাজী নজরুলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবি কাজী নজরুলকে ১৯৭২ সালে বাংলাদেশে এনে জাতীয় কবির মর্যাদায় প্রতিষ্ঠিত করে যথার্থভাবে সম্মানিত করেছেন। তাই কবি নজরুলের প্রতি শ্রদ্ধা জানানোর সাথে সাথে বঙ্গবন্ধুর নাম চলে আসে। আলোচনা সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো.

নিজামুল হক ভূইয়া এবং ঢাকা বিশ্ববিদ্যালয় নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সিরাজুল ইসলাম (সিরাজ সালেহীন) বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্মারক বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগের অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী এবং অনুষ্ঠান সঞ্চালন করেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ আজিজুল হক। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, কবি কাজী নজরুল ইসলাম ছিলেন অসাম্প্রদায়িক, মানবিক, সাম্য ও প্রেমের কবি। তিনি নজরুলের অনবদ্য সৃষ্টিসমূহের নিয়মিত চর্চা ও গবেষণা কার্যক্রম আরও বেগবান করার জন্য শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। এর আগে কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে সকাল ৭:১৫টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ শোভাযাত্রা সহকারে কবির সমাধিতে গমন, পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ করেন। এছাড়া, বাদ ফজর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়া'য় কোরানখানি অনুষ্ঠিত হয়।

বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে সকলকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখতে হবে—উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ধারণ করে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গত ১৯ আগস্ট ২০২২ অ্যালামনাই ফ্লোরে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন আয়োজিত “ঢাকা বিশ্ববিদ্যালয় : বঙ্গবন্ধু ও তাঁর পরিবার” শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী পারভেজের সভাপতিত্বে আলোচনা সভায় বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবুল আলম হানিফ,

প্রাক্তন জাতীয় ক্রিকেটার রকিবুল হাসান এবং বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্রের সভাপতি নাসিমন আরা হক মিনু। স্বাগত বক্তব্য দেন অ্যাসোসিয়েশনের মহাসচিব অ্যাডভোকেট মোল্লা মোহাম্মদ আবু কাওছার। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ইতিহাসের এক ঘৃণ্য দিন। এই দিনে সাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধে পরাজিত স্বাধীনতার বিরোধী দেশি-বিদেশি ষড়যন্ত্রকারীরা এবং কতিপয় পথভ্রষ্ট সেনাসদস্য একত্রিত হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের নির্মমভাবে হত্যা করেছিল। বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনা ও ইতিহাস এবং রাষ্ট্র পরিচালনার মূলনীতিকে মুছে ফেলে পাকিস্তানি ভাবধারায় দেশকে পিছিয়ে নেয়ার লক্ষ্যে সৈনিক ঘাতকরা এই হত্যাকাণ্ড ঘটিয়েছিল।



এমপি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আলোচনায় অংশ নেন অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি এ কে আজাদ, সাবেক মহাসচিব রঞ্জন কর্মকার,

দেশের অগ্রগতি ও উন্নয়নের গতিতে বাধাগ্রস্ত করতে একটি অপশক্তি এখনও তৎপর। এই অপশক্তিকে প্রতিহত করে আমাদের সামনে এগিয়ে যেতে হবে।

ঢাবি এবং গ্লোব বায়োটেক লিমিটেডের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং গ্লোব বায়োটেক লিমিটেডের মধ্যে গত ৫ সেপ্টেম্বর ২০২২ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং গ্লোব বায়োটেক লিমিটেডের চেয়ারম্যান মো. হারুনুর রশিদ নিজ নিজ প্রতিষ্ঠানের

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার, ফার্মেসী অনুশদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং গ্লোব বায়োটেক লিমিটেডের কয়েকজন গবেষক উপস্থিত ছিলেন। এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা



পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুশদের ডিন অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার,

বিশ্ববিদ্যালয় এবং গ্লোব বায়োটেক লিমিটেড বিভিন্ন টিকা ও ওষুধ উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে যৌথভাবে কাজ করবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান দুটি যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করবে।

‘শামসুন নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ট্রাস্ট ফান্ড’ প্রতিষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘শামসুন নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন ট্রাস্ট ফান্ড’ প্রতিষ্ঠা করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার লক্ষ্যে শামসুন নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষে সংগঠনটির সভাপতি আভা দত্ত ৩০ লাখ টাকার একটি চেক গত ২২ আগস্ট ২০২২ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদের কাছে হস্তান্তর করেন। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্ব করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার, শামসুন নাহার হলের প্রভোস্ট অধ্যাপক ড. লাক্ষ্মী জামাল, অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শামসুন নাহার চাঁপা, কোষাধ্যক্ষ বাণী চৌধুরীসহ অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর শামসুন নাহার হলের মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল ছাত্রীদের ‘শামসুন নাহার হল (তৃতীয় পৃষ্ঠায় দেখুন)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু’টি নতুন ট্রাস্ট ফান্ড গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড’ এবং ‘মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড’ শীর্ষক পৃথক দু’টি ট্রাস্ট ফান্ড গঠন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ট্রাস্ট ফান্ড গঠন অনুষ্ঠানে

ইংরেজী বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক জেরিন আলম, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার এবং কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। ‘অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড’-এর আয় থেকে প্রতিবছর সমাজকল্যাণ ও গবেষণা



প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ‘অধ্যাপক ড. গোলাম এম মাতবর ট্রাস্ট ফান্ড’ গঠনের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের মনমাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গোলাম এম মাতবর ১০ লাখ টাকার একটি চেক এবং ‘মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড’ গঠনের লক্ষ্যে যুক্তরাষ্ট্র প্রবাসী মোহাম্মদ মনিরুল আলমের পক্ষে তাঁর বন্ধু মো. আজহার ৩০ লাখ টাকার একটি চেক গত ১ সেপ্টেম্বর ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ-এর কাছে হস্তান্তর করেন। উপাচার্য দফতরে আয়োজিত পৃথক দু’টি চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. গোলাম আজম, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সাদেকা হালিম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. তাসনিম আরেফা সিদ্দিকী,

ইনস্টিটিউট, সমাজবিজ্ঞান বিভাগ এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১০ অসচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। এছাড়া, ‘মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড’-এর আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজী বিভাগের কয়েকজন অসচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ট্রাস্ট ফান্ড গঠন করায় দাতাদের ধন্যবাদ জানিয়ে বলেন, এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীরা অত্যন্ত উপকৃত হবে। উল্লেখ্য, অধ্যাপক ড. গোলাম এম মাতবর ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের প্রাক্তন শিক্ষার্থী। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজী বিভাগের প্রাক্তন শিক্ষার্থী যুক্তরাষ্ট্র প্রবাসী মোহাম্মদ মনিরুল আলম মায়ের স্মৃতি রক্ষার্থে ‘মাজেদা খাতুন মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড’ গঠনের জন্য অর্থ প্রদান করেন।